

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং/জোনাল অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় বসবাসকারী শিক্ষিত বেকার যুবক/ যুবা মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	১) ন্যূনতম স্নাতক/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও সহজে বোধগম্য হতে হবে। ৫) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধ্ব হতে হবে এবং স্মার্টফোনের স্ক্রীন সাইজ ন্যূনতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ইংরেজি হাতের লেখা স্পষ্ট ও সহজে বোধগম্য হতে হবে। ৫) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারি/২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করবেন। একজন সুপারভাইজার ৫-৬ জন তথ্য সংগ্রহকারীর কাজ তদারকীর দায়িত্বে থাকবেন। শুমারি কর্মীগণ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র লিস্টিং অপারেশন/শুমারি কার্যক্রম চলাকালীন নিয়োজিত থাকবেন।
- লিস্টিং অপারেশন (তালিকা প্রণয়ন) এ মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে।
- লিস্টিং অপারেশন (তালিকা প্রণয়ন) কার্যক্রমে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সন্তোষজনক হলে তারা মূল শুমারি সংক্রান্ত কার্যক্রমে যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।
- লিস্টিং/জোনাল অপারেশন এবং শুমারি চলাকালীন প্রার্থী নিজেই অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটামাত্র পদে আবেদন করতে পারবেন।
- প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা এবং নাগরিকত্ব সনদসহ ও অন্যান্য যোগ্যতার সনদের সত্যায়িত কপি এবং ১ কপি সদ্য তোলা (পাসপোর্ট সাইজ) সত্যায়িত ফটো আবেদনের সাথে জমা দিতে হবে।

অন্যান্য তথ্যাবলী:

- জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী এর ওয়েবসাইট (bbs.rajshahi.gov.bd) থেকে ডাউনলোড/ সংগ্রহ করে আবেদনের নির্ধারিত ফরম স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী এর ওয়েবসাইট (bbs.rajshahidiv.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
- সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর পদের নাম এবং সিটি কর্পোরেশন ওয়ার্ড নম্বর উল্লেখপূর্বক আগামী ২৩/০১/২০২০খি: তারিখের মধ্যে জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী এর নির্ধারিত বাক্সে অফিস চলাকালীন পৌছাতে হবে।
- উপস্থাপিত কাগজপত্রের ভিত্তিতে কেবলমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীকে পরবর্তীতে মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে। নির্বাচনী পরীক্ষার স্থান ও তারিখ জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী এর ওয়েবসাইট (bbs.rajshahi.gov.bd) এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। নির্বাচনী পরীক্ষার সময় নিজস্ব স্মার্টফোন এবং সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ওয়ার্ড ভিত্তিক নির্বাচিত প্রার্থীদের তালিকা রাজশাহী সিটি কর্পোরেশনের নোটিশ বোর্ডে/জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী এর নোটিশ বোর্ডে/ওয়েবসাইটে এবং সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
- তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার এর পারিপ্রমিক/পারিতোষিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

সচিব
রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
ও
সভাপতি

“জনশুমারি ও গৃহগণনা-২০২১” প্রকল্পের শুমারি কর্মী নিয়োগ কমিটি
রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।